নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ কমন সার্ভিস বিভাগ
মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), কমন সার্ভিস বিভাগ

নথি নম্বর: **৪৬.০৫.০০০০.২০৩.৩০.০০১.২২** নথির বিষয়: কমন সার্ভিস বিভাগের পিতল পলিশ/ফুলগাছ পরিচর্যার মালামাল/ইঁদুর নিধন আঠা ক্রয় সংক্রান্ত নথি।
নোট: ১০ নোটের বিষয়: **জুলাই'২০২৪ হতে সেপ্টেম্বর'২০২৪ মাস অর্থ্যাৎ ০৩(তিন)মাসের পিতলের টব পরিস্কার, ইঁদুর নিধন আঠা এবং ফুলগাছ পরিচর্যার জন্য মিক্স সার ও কীটনাশক ক্রয় বাবদ ২০,৬৮০/- টাকা অস্থায়ী অগ্রীম প্রদান প্রসঙ্গে।**

অনুচ্ছেদ ১০.০ - তারিখঃ ১৩/৬/২৪ ২:১৮ অপরাহ্ন

ওয়াসা ভবনের সৌন্দর্য বর্ধনে ২০টি পিতলের টবে ফুলগাছ সজ্জিত করা হয়। এই পিতলের টবগুলো নিয়মিত পিতল পলিশ দ্বারা পরিস্কার করতে হয়। পিতল পলিশের কাজ চলমান হওয়ায় প্রতি ০৩ (তিন) মাস পর পর কিছু ক্লিনিং মালামাল (যেমন -পিতল পলিশ,মার্কিন কাপড়, হারপিক পাউডার ও স্টীলের মাজুনী ইত্যাদি) ক্রয় করতে হয়। এতে ১৬টি পিতল পলিশ এর প্রতিটির মূল্য ৪০৫/- হিসেবে (৪০৫×১৬)=৬,৪৮০/-,মার্কিন কাপড় প্রতি গজ ৪০/- হিসেবে ২০ গজ (৪০×২০)=৮০০/-, হারপিক পাউডার- 4টি প্রতিটি ৯০/- হিসেবে (৯০×৪)=৩৬০/- এবং স্টীলের মাজুনী প্রতিটি ১১০/- হিসেবে (১১০×৪)=৪৪০/- টাকাসহ মোট (৬,৪৮০+৮০০+৩৬০+৪৪০)=৮,০৮০/- টাকা ব্যয় হবে।
ওয়াসা ভবনের ৩য় তলার বিভিন্ন বিভাগ / দপ্তরে ইঁদুর অনেক মূল্যবান দ্রব্যাদি নষ্ট করে । ফলে ইঁদুর নিধন করার জন্য নিয়মিত ইঁদুর মারার আঠা ক্রয় করতে হয়। এটি একটি চলমান কাজ বিধায় প্রতি ০৩ মাস অন্তর ২০টি আঠা ক্রয় করতে হয়। প্রতিটি আঠা (ব্যবহৃত বোর্ড সহ) মূল্য ৪১৫/- হিসেবে ২০টি আঠা ক্রয় করতে ব্যয় হবে (২০×৪১৫)=৮৩০০/-টাকা।
এছাড়া ওয়াসা ভবনের ফুল গাছসহ অন্যান্য গাছ সঠিক পরিচর্যার জন্য মিক্স সার ও কীটনাশক (স্প্রে মেশিনসহ) ক্রয় করতে হয়। এটিও একটি চলমান কাজ ফলে প্রতি ৩(তিন) মাস অন্তর ১০ প্যাকেট মিক্স সার ক্রয় করতে হয় । প্রতি প্যাকেট মিক্স সার ২৯০/- টাকা হিসেবে মোট (২৯০×১০)=২৯০০/-টাকা এবং স্প্রে মেশিনসহ ২বোতল কীটনাশক ক্রয় করতে (৫০০×২)=১০০০/- টাকা ও পরিবহন খরচ বাবদ ৪০০/- টাকাসহ মোট (২৯০০+১০০০+৪০০)=৪,৩০০/-টাকা প্রয়োজন হবে।
এমতাবস্থায়, **জুলাই, আগস্ট ও সেপ্টম্বর'২০২৪** মাস পর্যন্ত অর্থ্যাৎ ০৩ (তিন) মাসের পিতল পলিশ,ইঁদুর মারার আঠা, এবং সার, স্প্রে মেশিনসহ কীটনাশক ক্রয় ববাদ সর্বমোট (৮,০৮০+৮৩০০+৪,৩০০)= ২০,৬৮০/- (বিশ হাজার ছয়শত আশি) টাকা ব্যয়ের অস্থায়ী অগ্রীম উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) মহোদয় সদয় অনুমোদন করতে পারেন। যা পরবর্তীতে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।
সদয় অনুমোদনের জন্য পেশ করা হলো।

১৩/৬/২৪ ৩:০৯ অপরাহ্ন ইউছুফ আলী অফিস সুপারিন্টেন্ডেন্ট (চলতি দায়িত্ব) কমন সার্ভিস বিভাগ	১৩/৬/২৪ ৩:১৮ অপরাহ্ন মোঃ মোরশেদুল ইসলাম সহকারী সচিব কমন সার্ভিস বিভাগ	১৩/৬/২৪ ৩:২৪ অপরাহ্ন শেখ এনায়েত আব্দুল্লাহ উপসচিব (চলতি দায়িত্ব) কমন সার্ভিস বিভাগ	২০/৬/২৪ ১:৩৩ অপরাহ্ন প্রকৌশলী শারমিন হক আমীর সচিব সচিবের দপ্তর

~~২০/৬/২৪ ১:৩৩ অপরাহ্ন~~

~~মোঃ আক্তারুজ্জামান~~
~~উপ ব্যবস্থাপনা পরিচালক~~
~~(মানবসম্পদ ও প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)~~
~~উপ ব্যবস্থাপনা পরিচালক~~
~~(মানবসম্পদ ও প্রশাসন) এর দপ্তর~~

অনুচ্ছেদ ১০.১ - তারিখঃ ২০/৬/২৪ ৪:৩২ অপরাহ্ণ

okay

২০/৬/২৪ ৪:৩৩ অপরাহ্ণ
মোঃ আক্তারুজ্জামান
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন) এর দপ্তর

২২/৬/২৪ ১২:১৭ অপরাহ্ণ
শেখ এনায়েত আব্দুল্লাহ্
উপসচিব (চলতি দায়িত্ব)
কমন সার্ভিস বিভাগ

২২/৬/২৪ ১২:১৭ অপরাহ্ণ
ইউছুফ আলী
অফিস সুপারিন্টেন্ডেন্ট (চলতি দায়িত্ব)
কমন সার্ভিস বিভাগ